# পরিক্রমা

সংখ্যা # ৬৯ : জুন ২০১৭


## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

**সিকিউরিটিজ কমিশন ভবন**

ই-৬/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ

Website: www.sec.gov.bd, www.secbd.org

E-mail: secbd@bdmail.net

# সূচীপত্র


| ক্রমিক নং | বিষয়বস্তু | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ০১ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন | |
| ০২ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালকগণ | |
| ০৩ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের বিভাগীয় প্রধানগণ | |
| ০৪ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পরিচালকগণ | |
| ০৫ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের উদ্দেশ্য | |
| ০৬ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের প্রধান কার্যাবলী | |
| ০৭ | পুঁজিবাজার সংশ্লিষ্ট বিশেষ কার্যক্রম | |
| ০৮ | ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস অ্যান্ড কমপ্লায়েন্স (সিএমআরআরসি) | |
| ০৯ | কর্পোরেট ফিন্যান্স | |
| ১০ | ক্যাপিটাল ইস্যু | |
| ১১ | সার্ভেইল্যান্স | |
| ১২ | নিবন্ধন | |
| ১৩ | মিউচ্যুয়াল ফান্ড ও এসপিভি | |
| ১৪ | সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব মার্কেট অ্যান্ড ইস্যুয়ার কোম্পানীজ (এসআরএমআইসি) | |
| ১৫ | সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব ইন্টারমিডিয়ারিজ (এসআরআই) | |
| ১৬ | এনফোর্সমেন্ট | |
| ১৭ | আইন | |
| ১৮ | সেন্ট্রাল ডিপজিটরি সার্ভিসেস | |
| ১৯ | এমআইএস | |
| ২০ | গবেষণা ও উন্নয়ন | |
| ২১ | আন্তর্জাতিক সম্পর্ক | |
| ২২ | স্টক এক্সচেঞ্জ অপারেশনাল স্ট্যাটিসটিকস | |
| ২৩ | প্রেস রিলিজ | |

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর মাধ্যমে পুঁজিবাজার নিয়ন্ত্রণকারী সংস্থা হিসাবে ৮ই জুন ১৯৯৩ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রতিষ্ঠিত হয়, যার মূল লক্ষ্য হ'ল বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ, সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন এবং এতদসংক্রান্ত বিষয়াবলী বা তদধীনে আনুষঙ্গিক বিধি প্রণয়ন। কমিশন একজন চেয়ারম্যান ও চারজন কমিশনার নিয়ে গঠিত এবং চার বছর মেয়াদের জন্য তাঁরা সরকার কর্তৃক নিয়োগ প্রাপ্ত হন। চেয়ারম্যান কমিশনের প্রধান নির্বাহী হিসেবে দায়িত্ব পালন করেন। বাজার নিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় বিধি প্রণয়ন এবং সে মোতাবেক বাজার তদারকি করা কমিশনের সার্বিক দায়িত্ব। কমিশন একটি সংবিধিবদ্ধ সংস্থা এবং অর্থ মন্ত্রণালয়ের সাথে সম্পর্কযুক্ত।

বর্তমানে কমিশনের চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করছেন ড. এম. খায়রুল হোসেন। কমিশনার হিসেবে দায়িত্ব পালন করছেন প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী, জনাব মোঃ আমজাদ হোসেন ও ড. স্বপন কুমার বালা। চেয়ারম্যান ও প্রথম দুই জন কমিশনার মে ২০১১ থেকে দায়িত্ব পালন করেন, মে ২০১৪ তে দ্বিতীয় মেয়াদে আরও চার বৎসরের জন্য নিয়োগ প্রাপ্ত হন। ড. স্বপন কুমার বালা ১৯ এপ্রিল ২০১৬ থেকে কমিশনার হিসাবে দায়িত্ব পালন করছেন।

পুঁজিবাজারের সংস্কার কার্যক্রমে আন্তর্জাতিক মান অর্জন করায় ২২ ডিসেম্বর ২০১৩ তারিখে আন্তর্জাতিক সংস্থা International Organization of Securities Commissions (IOSCO) কমিশনকে 'A' ক্যাটাগরীতে উন্নীত করে।

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন



ড. এম. খায়রুল হোসেন
**চেয়ারম্যান**



প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী
**কমিশনার**



জনাব মোঃ আমজাদ হোসেন
**কমিশনার**



ড. স্বপন কুমার বালা এফসিএমএ
**কমিশনার**

## ২. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালকগণ

১. জনাব ফরহাদ আহমেদ

(বর্তমানে IOSCO এর Enforcement and Co-operation Advisor হিসাবে Secondment Position এ কর্মরত )

২. মিসেস রুকসানা চৌধুরী

৩. জনাব এ.টি.এম. তারিকুজ্জামান

(বর্তমানে শিক্ষা ছুটিতে নিউ-জিল্যান্ড এ অবস্থান করছেন)

৪. জনাব মোঃ আনোয়ারুল ইসলাম

৫. জনাব মোঃ সাইফুর রহমান

৬. জনাব মোঃ আশরাফুল ইসলাম

৭. জনাব এম. হাছান মাহমুদ

৮. জনাব মাহবুবুল আলম

৯. জনাব মোঃ মাহবুবের রহমান চৌধুরী

## ৩. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের বিভাগীয় প্রধানগণ

১. মিসেস রুকসানা চৌধুরী, নির্বাহী পরিচালক (এনফোর্সমেন্ট বিভাগ, অফিস অব দি চীফ একাউন্ট্যান্ট, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, এএমএল/সিএফটি উইং)

২. জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, নির্বাহী পরিচালক (এসআরএমআইসি, প্রশাসন ও অর্থ বিভাগ)

৩. জনাব মোঃ সাইফুর রহমান, নির্বাহী পরিচালক (এসআরআই, সার্ভেইল্যান্স বিভাগ)

৪. জনাব মোঃ আশরাফুল ইসলাম, নির্বাহী পরিচালক (এমআইএস, আর অ্যান্ড ডি ও সিডিএস বিভাগ)

৫. জনাব এম হাছান মাহমুদ, নির্বাহী পরিচালক (মিউচ্যুয়াল ফান্ড ও এসপিভি, কর্পোরেট ফাইন্যান্স বিভাগ)

৬. জনাব মাহবুবুল আলম, নির্বাহী পরিচালক (ক্যাপিটাল ইস্যু, নিবন্ধন, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ ও

ফিন্যান্সিয়াল লিটারেসি বিভাগ)

৭. জনাব মোঃ মাহবুবের রহমান চৌধুরী, নির্বাহী পরিচালক (সিএমআরআরসি ও আইন)

## ৪. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পরিচালকগণ

| | |
|---|---|
| ১. জনাব কামরুল আনাম খান | পরিচালক (ক্যাপিটাল ইস্যু) |
| ২. জনাব মোহাম্মদ রেজাউল করিম | পরিচালক (ক্যাপিটাল ইস্যু) |
| ৩. জনাব মোহাম্মদ শফিউল আজম | পরিচালক (এসআরআই) |
| ৪. জনাব রিপন কুমার দেবনাথ | পরিচালক (সিএমআরআরসি) |
| ৫. জনাব মীর মোশাররফ হোসেন চৌধুরী | পরিচালক (এনফোর্সমেন্ট) |
| ৬. জনাব মোঃ জাহাঙ্গীর আলম | পরিচালক (নিবন্ধন) |
| ৭. জনাব মোঃ মাহমুদুল হক | পরিচালক (মিউচ্যুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি) |
| ৮. জনাব প্রদীপ কুমার বসাক | পরিচালক (ক্যাপিটাল ইস্যু, কর্পোরেট ফাইন্যান্স) |
| ৯. জনাব রাজিব আহমেদ | পরিচালক (এমআইএস) |
| ১০. জনাব মোঃ আবুল কালাম | পরিচালক (অর্থ) |
| ১১. জনাব মোঃ মনছুর রহমান | পরিচালক (এসআরএমআইসি) |
| ১২. জনাব মোহাম্মদ আবুল হাসান | পরিচালক (প্রশাসন) |
| ১৩. জনাব শেখ মাহবুব উর রহমান | পরিচালক (সার্ভেইল্যান্স) |
| ১৪. মিসেস ফারহানা ফারুকী | কমিশন সচিব ও পরিচালক (কমিশন সচিবালয় ও আন্তর্জাতিক সম্পর্ক) |
| ১৫. জনাব আবু রায়হান মোহাম্মদ মুতাসীম বিল্লাহ | পরিচালক (গবেষণা ও উন্নয়ন) |

# ৫. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের উদ্দেশ্য

যেহেতু সিকিউরিটিতে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ, সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন এবং এতদসংক্রান্ত বিষয়াবলী বা তদধীনে আনুষঙ্গিক বিধান প্রণয়নের উদ্দেশ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন প্রতিষ্ঠিত হয়, সেহেতু বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের প্রধান উদ্দেশ্য নিম্নরূপঃ

- সিকিউরিটিজে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ;
- সিকিউরিটিজ বাজারের উন্নয়ন;
- সিকিউরিটিজ সংক্রান্ত বিষয়াবলী বা তদধীনে আনুষঙ্গিক বিধান প্রণয়ন ।

উপরোক্ত উদ্দেশ্য পূরণকল্পে বাজার তদারকী ও সার্ভেইল্যান্স, কর্পোরেট গভর্নেন্স, সিকিউরিটিজ আইন অমান্যকারীদের বিরুদ্ধে এনফোর্সমেন্ট কার্যাবলী, নিয়মতান্ত্রিকভাবে সিকিউরিটিজ ইস্যুকরণ, বিনিয়োগকারীদের জন্য সচেতনতামূলক প্রশিক্ষণ কার্যক্রম এবং সময়োপযোগী বাজার সংস্কার কার্যক্রম পরিচালনায় কমিশন সর্বদা সচেষ্ঠ থাকে।

দেশের শিল্পায়ন তথা অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনের জন্য শিল্প প্রতিষ্ঠান বিকাশের অনুকুল দীর্ঘমেয়াদী অর্থায়নের উৎস হিসাবে পুঁজিবাজার একটি গুরুত্বপূর্ণ মাধ্যম। কমিশন প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে পুঁজিবাজারের আইনগত কাঠামোর উন্নয়ন, সিকিউরিটিজের ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে অটোমেশন পদ্ধতির প্রবর্তন, সেন্ট্রাল ডিপজিটরী প্রতিষ্ঠার মাধ্যমে ইলেকট্রনিক পদ্ধতিতে বিনিয়োগকারীদের শেয়ার সংরক্ষণ ও হস্তান্তর, বিনিয়োগকারীদের জন্য ওয়েব ভিত্তিক সিকিউরিটিজের তাৎক্ষনিক বাজারমূল্য ও ইনডেক্স তথ্য প্রাপ্তির সুবিধা এবং বিএসইসি, স্টক এক্সচেঞ্জ, বিআইসিএম ও বাজার মধ্যস্থতাকারী কর্তৃক সাধারন বিনিয়োগকারীদের জন্য পুঁজিবাজার বিষয়ক নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম ইত্যাদি পুঁজিবাজারের উন্নয়নের ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করছে। পুঁজিবাজারের সংস্কার ও উন্নয়নের জন্য কমিশন একটি দীর্ঘমেয়াদী ১০-সালা পরিকল্পনা প্রনয়ন করেছে, যা পর্যায়ক্রমে বাস্তবায়িত হচ্ছে। উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হলে পুঁজিবাজারের মৌলিক সমস্যাগুলি দূরীভূত হবে এবং এতে দীর্ঘমেয়াদে বাজারের স্থিতিশীলতা ও গভীরতা বৃদ্ধি পাবে।

## ৬. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের প্রধান কার্যাবলী

সিকিউরিটিজ আইনের উদ্দেশ্য পূরণকল্পে কমিশন তার সকল কাজ পরিচালনা করে থাকে। কমিশনের উল্লেখযোগ্য কার্যাবলী নিম্নরূপঃ

- বিধিমোতাবেক সিকিউরিটিজ ইস্যুকরণ;
- বাজার তদারকী ও সার্ভেইল্যান্স, কর্পোরেট গর্ভনেন্স, এনফোর্সমেন্ট কার্যাবলী এবং বিনিয়োগকারীদের জন্য সচেতনতামূলক প্রশিক্ষণ কার্যক্রম ইত্যাদির মাধ্যমে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ;
- বাজার সংস্কার এর মাধ্যমে  বাজারের উন্নয়ন ও নিয়ন্ত্রন;
- স্টক এক্সচেঞ্জ ও অন্যান্য সিকিউরিটিজ সংক্রান্ত ব্যবসা নিয়ন্ত্রণ;
- স্টক ব্রোকার, সাব-ব্রোকার, শেয়ার ট্রান্সফার এজেন্ট, মার্চেন্ট ব্যাংকার ও ইস্যু ম্যানেজার, ট্রাস্ট ডীডের ট্রাস্টি, ইস্যু রেজিষ্ট্রার, অবলেখক, পোর্টফোলিও  ম্যানেজার, বিনিয়োগ পরামর্শক এবং অন্যান্য বাজার মধ্যস্থতাকারীদের ব্যবসা নিয়ন্ত্রণ;
- সকল প্রকার মিউচ্যুয়াল ফান্ড সহ যৌথ বিনিয়োগ স্কীমের ব্যবসা নিবন্ধন, মনিটরিং এবং নিয়ন্ত্রণ;
- সিকিউরিটিজ বাজারের সকল অনুমোদিত স্বশাসিত ব্যবসা মনিটরিং এবং নিয়ন্ত্রণ;
- শেয়ার বাজারের অনৈতিক, প্রতারণামূলক ও অস্বচ্ছ যে কোন লেনদেন এর প্রচলন নিষিদ্ধ ও রোধকরণ;
- বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানের বিনিয়োগকারীদের প্রশিক্ষণ দানের মাধ্যমে শিক্ষামূলক জ্ঞানের উন্নয়ন;
- ইনসাইডার ট্রেডিং ব্যবসা নিষিদ্ধকরণ;
- পর্যাপ্ত পরিমান শেয়ার অধিগ্রহণ, কোম্পানির ব্যবস্থাপনা গ্রহণ সংক্রান্ত নিয়ন্ত্রণ;
- তদন্ত ও পরিদর্শন পরিচালনাকরণ;
- কমোডিটি ফিউটার কর্ন্ট্রাক বা অপসন কর্ন্ট্রাক ব্যবসার লাইসেন্স প্রদান ও নিয়ন্ত্রণ;

- গবেষণা পরিচালনা ও তথ্য প্রকাশ।

## ৮. পুঁজিবাজার সংশ্লিষ্ট বিশেষ কার্যক্রমঃ

### “সাইবার সিকিউরিটি আ বিজনেস ইমপ্যারেটিভ” শীর্ষক সেমিনার




বিএসইসি অডিটোরিয়ামে অনুষ্ঠিত “সাইবার সিকিউরিটি আ বিজনেস ইমপ্যারেটিভ” শীর্ষক সেমিনারে বক্তব্য রাখছেন কমিশনের মাননীয় চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এবং ইনফরমেশন সিস্টেমস সিকিউরিটিজ অ্যাসোসিয়েশন (ISSA) এর যৌথ উদ্যোগে সাইবার নিরাপত্তা (Cyber Security) সংক্রান্ত বিষয়ে কমিশনের অডিটোরিয়ামে ০৪ এপ্রিল ২০১৭ তারিখে “সাইবার সিকিউরিটি আ বিজনেস ইমপ্যারেটিভ” শীর্ষক একটি সেমিনারের আয়োজন করা হয়। কমিশনের মাননীয় চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানটিকে সাফল্য কামনা করেন। এছাড়াও উক্ত সেমিনারে কমিশনার প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী, জনাব মোঃ আমজাদ হোসেন, ড. স্বপন কুমার বালা, কমিশনের কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন  ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, স্টক এক্সচেঞ্জ এবং বাজার সংশ্লিষ্ট অনেক প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় চেয়ারম্যান সভায় উপস্থিত বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাগণকে উদ্দেশ্য করে বলেন যে, আর্থিক খাতের বিভিন্ন প্রতিষ্ঠান সমূহের ব্যবসা পরিচালনা, বিনিয়োগকারীদের সঞ্চিত অর্থ এবং প্রতিষ্ঠানসমূহের আভ্যন্তরিন পলিসি সংক্রান্ত তথ্যাদি কোন ভাবেই যাতে বাইরে পাচার হতে না পারে বা তথ্য চুরির মাধ্যমে অবৈধভাবে অর্থ আত্মসাতের ঘটনা ঘটতে না পারে, সে লক্ষ্যে সকলকে সাইবার নিরাপত্তা সংক্রান্ত সচেতনতা বৃদ্ধি জোরদার এবং তথ্য নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

সাইবার নিরাপত্তা সংক্রান্ত টেকনিক্যাল বিষয়গুলি উপস্থাপন করেন ISSA এর বাংলাদেশ চ্যাপ্টারের প্রেসিডেন্ট এবং আন্তর্জাতিক বিশেষজ্ঞ জনাব মারুফ আহমেদ। তিনি বলেন যে, আর্থিক খাতের সকল প্রতিষ্ঠানসমূহকে তথ্য পাচার রোধে সাইবার নিরাপত্তা সংক্রান্ত জ্ঞানকে সর্বোচ্চ প্রাধান্য প্রদানের মাধ্যমে তথ্য নিরাপত্তা নিশ্চিত করতে হবে। সভায় সাইবার নিরাপত্তার বিভিন্ন দিক এবং আমেরিকা সহ বিশ্বের উন্নত দেশসমূহে সাইবার নিরাপত্তা ব্যবস্থাপনা সংক্রান্ত পদ্ধতিসমূহ এবং তথ্য প্রতিরক্ষা মূলক ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয়াদি নিয়ে ব্যাপক আলোচনা হয়। আলোচনায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ সক্রিয়ভাবে অংশগ্রহনের মাধ্যমে অনুষ্ঠানটিকে অর্থবহ করে তোলেন এবং সকলেই নিজ নিজ প্রতিষ্ঠানে সাইবার নিরাপত্তা বৃদ্ধির বিষয়ে তাদের আন্তরিকতার বিষয়টি ব্যক্ত করেন।

## ভারতের NISM এর প্রতিনিধিদলের সাথে কমিশনের মতবিনিময় সভা



ভারতের NISM এর প্রতিনিধিদলের সাথে মতবিনিময় সভায় কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এবং কমিশনারবৃন্দ প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী, জনাব মোঃ আমজাদ হোসেন, ড. স্বপন কুমার বালা এবং উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ

ভারতের National Institute of Securities Markets (NISM) এর মহাপরিচালক জনাব সন্দীপ ঘোষের নেতৃত্বে ৩(তিন) সদস্যের একটি প্রতিনিধিদল বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর চেয়ারম্যান, কমিশনার এবং উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে ০৩ এপ্রিল ২০১৭ তারিখে একটি মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন। উক্ত সভায় উভয় দেশের পুঁজিবাজার সংশ্লিষ্ট বিভিন্ন প্রাসঙ্গিক বিষয়াদি আলোচনার পাশাপাশি পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির বিষয়ে আলোচনা হয়।

এছাড়াও উক্ত প্রতিনিধিদল আগামী ৬ এপ্রিল ২০১৭ পর্যন্ত ঢাকায় অবস্থানকালে পুঁজিবাজার সংশ্লিষ্ট বিভিন্ন সংস্থার সাথে মতবিনিময় সভায় অংশগ্রহণ করবেন।

## “বিনিয়োগকারী ও উদ্যোক্তা কনফারেন্স এবং বিনিয়োগ শিক্ষা মেলা, খুলনা ২০১৭”




মঞ্চে উপবিষ্ট কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এবং কমিশনারবৃন্দ প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী, জনাব মোঃ আমজাদ হোসেন ও ড. স্বপন কুমার বালা

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) কর্তৃক দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে দেশের সকল বিভাগীয় শহরে পর্যায়ক্রমে বিনিয়োগ শিক্ষা কনফারেন্স আয়োজনের পরিকল্পনার সর্বপ্রথম কনফারেন্সটি ৭ এপ্রিল ২০১৭ তারিখে খুলনা বিভাগে অনুষ্ঠিত হয়। কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন “বিনিয়োগকারী ও উদ্যোক্তা কনফারেন্স এবং বিনিয়োগ শিক্ষা মেলা, খুলনা ২০১৭” এর শুভ উদ্বোধন করেন। উক্ত অনুষ্ঠানে কমিশনার প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী, জনাব মোঃ আমজাদ হোসেন, ড. স্বপন কুমার বালা, কমিশনের কর্মকর্তাবৃন্দ, স্টক এক্সচেঞ্জ এবং বাজার সংশ্লিষ্ট অনেক প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

ড. এম. খায়রুল হোসেন কনফারেন্স উদ্বোধনকালে তাঁর বক্তব্যে অন্যান্য বিষয়াদির মধ্যে বলেন-
........ ...সকল বিনিয়োগকারীকে তাদের বিনিয়োগের বিষয়বস্তু সম্পর্কে অবগত ও শিক্ষিত করাই বিএসইসি'র লক্ষ্য। যতক্ষন পর্যন্ত বিনিয়োগকারীরা আর্থিক বাজার এবং এর বিভিন্ন পণ্যের চরিত্র ও গতিবিধি সম্পর্কে অবগত না হচ্ছেন এবং নিজেদেরকে আর্থিক ক্ষতি থেকে রক্ষা করার উপায় না বুঝতে পারছেন ততক্ষন পর্যন্ত সমাজের সার্বিক উন্নয়ন আশা করা যায় না। তিনি আমাদের দেশের অর্থনীতির উন্নয়ন ও এর স্থিতিশীলতার জন্য এ দেশের মানুষকে বিনিয়োগ শিক্ষায় শিক্ষিত করার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন।

বিএসইসি ইতোমধ্যে এ ব্যাপারে কাজ শুরু করেছে এবং বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেছে। যদিও এই কাজে প্রচুর উদ্যোগ ও সংশ্লিষ্টদের সম্পৃক্ততা প্রয়োজন তথাপি বিএসইসি সফলভাবে পরিকল্পনা প্রণয়ন করছে এবং লক্ষ্য অর্জনের দিকে এগিয়ে যাচ্ছে।

দিনব্যাপী অনুষ্ঠিতব্য দুইটি সেশনে বিভক্ত এই কনফারেন্সের প্রথম সেশনটি বিনিয়োগকারীদের জন্য এবং দ্বিতীয় সেশনটি স্থানীয় উদ্যোক্তাদের জন্য অনুষ্ঠিত হয়। মূলত: খুলনার স্থানীয় বিনিয়োগকারীদের বিনিয়োগ শিক্ষা সম্পর্কে ধারণা প্রদান করা এবং স্থানীয় উদ্যোক্তাদের পুঁজিবাজার হতে পুঁজি উত্তোলন বিষয়ে বাস্তব ভিত্তিক জ্ঞানার্জনে সহায়তা করার লক্ষ্যে এই কনফারেন্সের আয়োজন করা হয়।

পরবর্তীতে উভয় সেশনে প্যানেল আলোচনা অনুষ্ঠিত হয়। সভার বিভিন্ন সেশনে কমিশনের কমিশনারবৃন্দ অংশগ্রহণ করে বিনিয়োগ শিক্ষার বিভিন্ন দিক সম্পর্কে আলোকপাত করেন। বিনিয়োগকারী এবং উদ্যোক্তারা প্যানেল আলোচকদের সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে প্রশ্ন উত্থাপন করেন। ফলশ্রুতিতে সেশন দুইটি খুবই অংশগ্রহণমূলক এবং প্রাণবন্ত ছিল।

কনফারেন্স চলাকালে একইস্থানে বিনিয়োগ শিক্ষা মেলা, ২০১৭ অনুষ্ঠিত হয়। ২১টি পুঁজিবাজার সংশ্লিস্ট প্রতিষ্ঠান উক্ত মেলায় সক্রিয় অংশগ্রহণ করে। বিপুল সংখ্যক আগ্রহী ও উৎসুক বিনিয়োগকারী ও উদ্যোক্তাদেরকে কনফারেন্সে অংশগ্রহণের পাশাপাশি মেলায় উপস্থিত হয়ে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করতে দেখা যায়।

# ৮. ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস অ্যান্ড কমপ্লায়েন্স (সিএমআরআরসি)

**এপ্রিল-জুন, ২০১৭ সময়ে সিএমআরআরসি বিভাগ কর্তৃক নিম্লোক্ত সংশোধনী /আদেশ /নির্দেশনা জারি করা হয়েছেঃ**

| ক্রমিক নং | বিষয় | শ্রেণী বিভাগ | সূত্র নং |
|---|---|---|---|
| ১. | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বাজার সৃষ্টিকারী) বিধিমালা, ২০১৭ প্রণয়ন | প্রজ্ঞাপন | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০১-২১/১৯৮/প্রশাসন/৭৫ তারিখঃ ০৯ মে ২০১৭। |
| ২. | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ক্লিয়ারিং অ্যান্ড সেটল্মেন্ট) বিধিমালা, ২০১৭ প্রণয়ন | প্রজ্ঞাপন | বিএসইসি/সিএমআরআরসিডি/২০১৭-৩৫৬/১৯৯/প্রশাসন/৭৬ তারিখঃ ১১ জুন ২০১৭ |
| ৩. | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (পাবলিক ইস্যু) বিধিমালা, ২০১৫ এর কতিপয় সংশোধন | প্রজ্ঞাপন | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৩-১০৯/২০০/প্রশাসন/৭৭ তারিখঃ ১৮ জুন ২০১৭ |

পুঁজিবাজার সংশ্লিষ্ট উল্লেখিত নতুন আইন, বিধি ও নীতি কমিশনের ওয়েব সাইটে (www.sec.gov.bd ওwww.secbd.org) প্রদর্শিত।

# ৯. কর্পোরেট ফিন্যান্স

কর্পোরেট ফিন্যান্স বিভাগের ত্রৈমাসিক কার্যক্রম: এপ্রিল - জুন, ২০১৭

| ক্রমিক নং | বিবরণ | গৃহীত ব্যবস্থা | কোম্পানীর সংখ্যা | ব্যবস্থার সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | IPO/RPO/ Rights Issue/ Convertible Preference Shares এর তহবিল ব্যবহার প্রসঙ্গে। | IPO/RPO/ Rights Issue/Convertible Preference Shares এর মাধ্যমে উত্তোলিত তহবিল ব্যবহার সংক্রান্ত প্রতিবেদন/নিরীক্ষা প্রতিবেদন পরীক্ষান্তে কমিশনকে সদয় অবহিত করা হয়েছে। | ১২ | ১২ |
| | | ব্যাখ্যা প্রদানের জন্য কোম্পানিসমূহকে নির্দেশ দেওয়া হয়েছে। | ০২ | ০২ |
| | | সিকিউরিটিজ আইনের বিধান ভঙ্গ করায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ০৩ | ০৩ |
| | | কোম্পানি কর্তৃক প্রদত্ত ব্যাখ্যাসমূহ পরীক্ষান্তে কমিশনের সদয় অবগতির জন্য উপস্থাপন করা হয়েছে। | ০১ | ০১ |
| ২. | নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিলের সময় বর্ধিতকরণ। | সময় বৃদ্ধি করা হয়েছে। | ১৭ | ০৬ |
| | | সময় বৃদ্ধি করা হয়নি। | ০৩ | ০৩ |
| | | যথাসময়ে নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী কমিশনে দাখিল না করায় এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ০৩ | ০৩ |
| ৩. | জুন ৩০, ২০১৫ এবং জুন ৩০, ২০১৩ তারিখে সমাপ্ত অর্থবছরের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী। | কোম্পানি এবং নিরীক্ষক কর্তৃক প্রদত্ত ব্যাখ্যাসমূহ পরীক্ষান্তে কমিশনের সদয় অবগতির জন্য উপস্থাপন করা হয়েছে। | ০২ | ০২ |
| | | চাটার্ড একাউন্ট্যান্টস এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ না করায় আইসিএবি এর ব্যাখ্যা চাওয়া হয়েছে। | ০১ | ০১ |
| ৪. | সেপ্টেম্বর ৩০, ২০১৬ তারিখে সমাপ্ত প্রথম প্রান্তিকের ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিলের সময় বর্ধিতকরণ। | সময় বৃদ্ধি করা হয়েছে। | ০৪ | ০৪ |
| | | সময় বৃদ্ধি করা হয়নি। | ০২ | ০২ |
| | | ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী যথাসময়ে দাখিল না করায় এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ০৫ | ০৫ |
| ৫. | ডিসেম্বর ৩১, ২০১৬ তারিখে সমাপ্ত ২য় প্রান্তিক/অর্ধ-বার্ষিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিলের সময় বর্ধিতকরণ। | সময় বৃদ্ধি করা হয়েছে। | ০১ | ০১ |
| | | সময় বৃদ্ধি করা হয়নি। | ০১ | ০১ |
| | | ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী যথাসময়ে দাখিল না করায় এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ০৫ | ০৫ |
| ৬. | মার্চ ৩১, ২০১৭ তারিখে সমাপ্ত তৃতীয় প্রান্তিকের ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিলের সময় বর্ধিতকরণ। | সময় বৃদ্ধি করা হয়নি। | ০৩ | ০৩ |
| | | ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী যথাসময়ে দাখিল না করায় এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ০৭ | ০৭ |
| ৭. | নিরপেক্ষ পরিচালক নিয়োগ। | ০৭/০৮/২০১২ ইং তারিখে জারীকৃত কর্পোরেট গভর্নেন্স গাইডলাইন সংক্রান্ত নোটিফিকেশনের শর্ত নং ১.২(iii) পরিপালন সাপেক্ষে, নিরপেক্ষ পরিচালক নিয়োগে কমিশন অনাপত্তি জ্ঞাপন করেছে। | ০৫ | ০৬ |
| | | কর্পোরেট গভর্নেন্স গাইডলাইন সংক্রান্ত নোটিফিকেশনের কতিপয় শর্ত পরিপালন না করায়, কমিশন নিরপেক্ষ পরিচালক নিয়োগের বিষয়ে অনাপত্তি জ্ঞাপন করেনি। | ০১ | ০১ |
| ৮. | কর্পোরেট গভর্নেন্স গাইডলাইন। | কর্পোরেট গভর্নেন্স গাইডলাইন সংক্রান্ত কোম্পানী কর্তৃক প্রদত্ত ব্যাখ্যাসমূহ পরীক্ষান্তে কমিশনের সদয় অবগতির জন্য উপস্থাপন করা হয়েছে। | ০১ | ০১ |
| ৯. | স্টক এক্সচেঞ্জকে নির্দেশনা প্রদান। | ঢাকা স্টক এক্সচেঞ্জ (লিস্টিং) রেগুলেশন, ২০১৫ এর ৩৭নং ধারা যথাযথভাবে অনুসরনের জন্য নির্দেশনা প্রদান। | ০১ | ০১ |

# ১০. ক্যাপিটাল ইস্যু

## প্রাইভেট লিমিটেড কোম্পানি

| এপ্রিল-জুন, ২০১৭ সময়কালে যে সকল প্রাইভেট লিমিটেড কোম্পানিকে মূলধন উত্তোলনের অনুমোদন দেয়া হয়েছে তার তালিকা নিম্নরূপ: | | | | |
|---|---|---|---|---|
| ক্রমি নং | বিবরণ | কোম্পানীর নাম | অনুমোদনের তারিখ | টাকা |
| ১ | এবি সিকিউরিটিজ লি: | বোনাস শেয়ার টাকা ১,২৩,৩৭,৫০০/- | ০৪.০৪.২০১৭ | ১,২৩,৩৭,৫০০/- |
| ২ | আমান বাংলাদেশ লি: | সাধারণ শেয়ার টাকা ৪৮,০০,০০,০০০/- | ০৫.০৪.২০১৭ | ৪৮,০০,০০,০০০/- |
| ৩ | মধুমতি অটো রাইস মিলস লি: | সাধারণ শেয়ার টাকা ১১,৬৮,৩৫,০০০/- | ০৫.০৪.২০১৭ | ১১,৬৮,৩৫,০০০/- |
| ৪ | এইচ এম সি এল নিলয় বাংলাদেশ লি: | সাধারণ শেয়ার টাকা ২০,৯৬,০০০/- | ১১.০৪.২০১৭ | ২০,৯৬,০০০/- |
| ৫ | ব্রাক এপিএল স্টক ব্রোকারেজ লি: | সাধারণ শেয়ার টাকা ৬,৭৭,২৫,০০০/- | ১১.০৪.২০১৭ | ৬,৭৭,২৫,০০০/- |
| ৬ | নরভান কমটেক্স লি: | বোনাস শেয়ার টাকা ১১,০০,০০,০০০/- | ১১.০৪.২০১৭ | ১১,০০,০০,০০০/- |
| ৭ | আর আর স্পিনিং এন্ড কটনমিলস লি: | সাধারণ শেয়ার টাকা ৩৫,৯৮,৭৬,০০০/- | ১৮.০৪.২০১৭ | ৩৫,৯৮,৭৬,০০০/- |
| ৮ | সাবলাইন গ্রিনটেক্স লি: | সাধারণ শেয়ার টাকা ১০,০০,০০,০০০/- | ২৫.০৪.২০১৭ | ১০,০০,০০,০০০/- |
| ৯ | সেমবক্রুপ নর্থ-ওয়েস্ট পাওয়ার কো:লি: | সাধারণ শেয়ার টাকা . ২৩,১৬,৫৫,০০০/- | ২৬.০৪.২০১৭ | ২৩,১৬,৫৫,০০০/- |
| ১০ | ইমপ্রেস নিউটেক্স কমপোসিট টেক্সটাইলস লি: | সাধারণ শেয়ার টাকা ১৫০০/- | ২৬.০৪.২০১৭ | ১৫০০/- |
| ১১ | সিপ আচি মেডিকেল সার্ভিস লি: | সাধারণ শেয়ার টাকা ১১২,৯০,০০,০০০/- | ২৬.০৪.২০১৭ | ১১২,৯০,০০,০০০/- |
| ১২ | স্মার্ট জেকেট (বিডি) লি: | সাধারণ শেয়ার টাকা ২১,৫৩,৭৭,৮৭০/- | ৩০.০৪.২০১৭ | ২১,৫৩,৭৭,৮৭০/- |
| ১৩ | বসুন্ধরা ওয়েল এন্ড গেস কো: লি: | সাধারণ শেয়ার টাকা ৪০,০০,০০,০০০/- | ০২.০৫.২০১৭ | ৪০,০০,০০,০০০/- |
| ১৪ | নাসির ফ্লুট গ্লাস ইন্ডাস্ট্রিজ লি: | সাধারণ শেয়ার টাকা ২,০০,০০,০০০/- | ০৯.০৫.২০১৭ | ২,০০,০০,০০০/- |
| ১৫ | রহিমআফরোজ বেটারিজ লি: | নন কিউমেলিটেভ পার্টুয়েলি কনর্ভাটিব মুদারাব প্রিফারেন্স শেয়ার টাকা ১০০,০০,০০,০০০/- | ১৬.০৫.২০১৭ | ১০০,০০,০০,০০০/- |
| ১৬ | সামিট বরিশাল পাওয়ার লি: | নন-কনর্ভাটেবল কিউমেলেটিভ রেডিমেবল প্রিফারেন্স শেয়ার টাকা ৪৯,৫০,০০,০০০/- | ২৫.০৫.২০১৭ | ৪৯,৫০,০০,০০০/- |
| ১৭ | সামিট নারায়নগঞ্জ পাওয়ার ইউনিট-২ লি: | সাধারণ শেয়ার টাকা ৩৬,০০,০০,০০০/- | ২৮.০৫.২০১৭ | ৩৬,০০,০০,০০০/- |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | কল্লোল থাই প্রেসিডেন্ট ফুডস (বিডি) লি: | সাধারণ শেয়ার টাকা ১০,০০,০০,০০০/- | ২৯.০৫.২০১৭ | ১০,০০,০০,০০০/- |
| ১৯ | স্মার্ট জেকেট (বিডি) লি: | সাধারণ শেয়ার টাকা ২১,৫০,০০,০০০/- | ১১.০৬.২০১৭ | ২১,৫০,০০,০০০/- |
| ২০ | ইকোটেক্স লি: | সাধারণ শেয়ার টাকা ২,৪০,৮৪,৪১০/- | ১৪.০৬.২০১৭ | ২,৪০,৮৪,৪১০/- |
| ২১ | ভিআইপিভি এসেট মেনেজম্যান্ট কো: লি: | বোনাস শেয়ার টাকা ২,১০,০০,০০০/- | ১৪.০৬.২০১৭ | ২,১০,০০,০০০/- |
| ২২ | গাজী সেটেলাইট টেলিভিশন লি: | সাধারণ শেয়ার টাকা ১৫,০০,০০,০০০/- | ১৫.০৬.২০১৭ | ১৫,০০,০০,০০০/- |
| ২৩ | ইউনিকেপ সিকিউরিটিজ লি: | সাধারণ শেয়ার টাকা ৭,৫০,০০,০০০/- | ২০.০৬.২০১৭ | ৭,৫০,০০,০০০/- |
| ২৪ | ঢাকা ব্যাংক সিকিউরিটিজ লি: | বোনাস শেয়ার টাকা ৮,৫৮,০০,০০০/- | ২২.০৬.২০১৭ | ৮,৫৮,০০,০০০/- |
| ২৫ | মোট টাকা | | | ৫,৭৭০,৭৮৮,২৮০ |

## পাবলিক লিমিটেড কোম্পানি

**এপ্রিল-জুন, ২০১৭ সময়কালে যে সকল পাবলিক লিমিটেড কোম্পানিকে মূলধন উত্তোলনের অনুমোদন দেয়া হয়েছে তার তালিকা নিম্নরূপ:**

| ক্রমিক নং | বিবরণ | কোম্পানীর নাম | ধনুমোদনের তারিখ | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | ওয়ানটেক্স লি: | সাধারণ শেয়ার টাকা ২০,০০,০৪,০০০/- | ০৩.০৪.২০১৭ | ২০,০০,০৪,০০০/- |
| ২ | এলায়েন্স লিসিং এন্ড ফাইনান্স কো: লি: | সাধারণ শেয়ার টাকা ৯৯,০০,০০,০০০/- | ১২.০৪.২০১৭ | ৯৯,০০,০০,০০০/- |
| ৩ | চট্টগ্রাম মেট্রোপলিটন হসপিটাল লি: | সাধারণ শেয়ার টাকা ১১,০০,০০,০০০/- | ১৬.০৪.২০১৭ | ১১,০০,০০,০০০/- |
| ৪ | এডিএন টেলিকম লি: | সাধারণ শেয়ার টাকা ৩,০০০,৮৩৪০/- | ১৬.০৪.২০১৭ | ৩,০০০,৮৩৪০/- |
| ৫ | গ্লোবেক্স ফার্মাসিটিকেলস লি: | সাধারণ শেয়ার টাকা ৬০,০০,০০০/- | ২৩.০৪.২০১৭ | ৬০,০০,০০০/- |
| ৬ | ন্যাশনাল ফাইনান্স লি: | বোনাস শেয়ার টাকা ১০,৪০,০৪,০০০/- | ২৬.০৪.২০১৭ | ১০,৪০,০৪,০০০/- |
| ৭ | স্টান্ডার্ড ব্যাংক লি: | নন-কনর্ভার্টেবল সাবওরডিনেন্ট বন্ড টাকা ৪০০,০০,০০,০০০/- | ২৭.০৪.২০১৭ | ৪০০,০০,০০,০০০/- |
| ৮ | বেঙ্গল গ্যাস লি: | রেডিমেবল নন-কনর্ভার্টেবল নন কিউমেলেটিভ, নন পার্টিসিপেট ডেবেঞ্চার টাকা ৯১,৯০,০০,০০০/- | ০৯.০২.২০১৭ | ৯১,৯০,০০,০০০/- |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯ | রহিমআফরোজ এনার্জি সার্ভিস লি: | কনর্ভাটেবল সিকিউরিট বন্ড টাকা ৬০,০০,০০,০০০/- | ১৮.০৫.২০১৭ | ৬০,০০,০০,০০০/- |
| ১০ | ইউনিয়ন ব্যাংক লি: | বোনাস শেয়ার টাকা ৪২,৮০,০০,০০০/- | ২৫.০৫.২০১৭ | ৪২,৮০,০০,০০০/- |
| ১১ | ফারইস্ট স্পিনিং ইন্ডাস্ট্রিজ লি: | সাধারণ শেয়ার টাকা ৫,০০,০০,০০০/- | ২৫.০৫.২০১৭ | ৫,০০,০০,০০০/- |
| ১২ | ফাইবার @হোম লি: | বোনাসশেয়ার টাকা ৭,৮১,০০,০০০/- | ৩০.০৫.২০১৭ | ৭,৮১,০০,০০০/- |
| ১৩ | কাটিং ইডজ ইন্ডাস্ট্রিজ লি: | বোনাসশেয়ার টাকা ১০,০০,০০,০০০/- | ৩১.০৫.২০১৭ | ১০,০০,০০,০০০/- |
| ১৪ | দা সিটি ব্যাংক লি: | নন-কনর্ভাটেবল বন্ড টাকা ৫০০,০০,০০,০০০/- | ০১.০৬.২০১৭ | ৫০০,০০,০০,০০০/- |
| ১৫ | সাইথ বাংলা এগ্রিকালচার ব্যাংক লি: | বোনাস শেয়ার টাকা ৬,৫০,২৪,৬৪০/- | ১২.০৬.২০১৭ | ৬,৫০,২৪,৬৪০/- |
| ১৬ | ইউনিয়ন ইনসুরেন্স কো: লি: | সাধারণ শেয়ার টাকা ২,২৮,১৫,০০০/- | ১৯.০৬.২০১৭ | ২,২৮,১৫,০০০/- |
| ১৭ | ঢাকা ওয়েস্ট পাওয়ার লি: | রেডিমেবল, নন-কনভারটেবল ডেবেঞ্চার টাকা ৪০০,০০,০০,০০০/- | ১৯.০৬.২০১৭ | ৪০০,০০,০০,০০০/- |
| ১৮ | মিডল্যান্ড ব্যাংক লি: | বোনাস শেয়ার টাকা ৪৭,৫২,০০,০০০/- | ২২.০৬.২০১৭ | ৪৭,৫২,০০,০০০/- |
| | | | | ১৭,১৭৮,১৫৫,৯৮০ |

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (পাবলিক ইস্যু) রুলস, ২০১৫ এর অধীনে এপ্রিল-জুন, ২০১৭ ইং সময়কালে কমিশন কর্তৃক প্রসপেক্টাস প্রকাশের অনমোদিত কোম্পানির বিবরণী:

| ক্রমিক নং | কোম্পানির নাম | অনুমোদনের তারিখ | মূলধন উত্তোলন (Before IPO) | ইস্যু মূল্য | ইস্যুকৃত শেয়ারের সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১ | বিবিএস ক্যাবলস লিঃ। | ০৫.০৪.২০১৭ | ১০০.০০ কোটি | ১০/- | ২,০০,০০,০০০ |

# ১১. সার্ভেইল্যান্স

**দৈনন্দিন বাজার সার্ভেইল্যান্স :**

দৈনন্দিন পুঁজিবাজার সার্ভেইল্যান্স এর অংশ হিসাবে সার্ভেইল্যান্স বিভাগের কর্মকর্তাগণ স্টক এক্সচেঞ্জের দৈনন্দিন লেনদেন কর্মকান্ডের ক্ষেত্রে কোনরূপ অনিয়ম, সন্দেহজনক লেনদেন এবং বাজার আচরণ বিধির পরিপন্থী কোন কিছু ঘটে থাকলে তা কমিশনের সার্ভেইল্যান্স সিস্টেম "InstantWatch Market" ব্যবহারপূর্বক পর্যবেক্ষণ ও তদারকীর মাধ্যমে নির্ণয় করে থাকেন। দৈনিক লেনদেন শেষে একটি দৈনিক প্রতিবেদন তৈরী করা হয়, যেখানে প্রতিদিনের লেনদেনের একটি সার-সংক্ষেপ তুলে ধরা হয়। উক্ত প্রতিবেদনের অনুলিপি চেয়ারম্যান, কমিশনারগণ এবং সংশ্লিষ্ট নির্বাহী পরিচালককে সরবরাহ করা হয়।

**তদন্ত ও অনুসন্ধান :**

সিকিউরিটিজ লেনদেনে স্বচ্ছতা ও বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণের জন্য সন্দেহজনক ও কারসাজিমূলক লেনদেনের তদন্ত ও অনুসন্ধানের মাধ্যমে সিকিউরিটিজ সংক্রান্ত সকল আইন কানুন এর প্রয়োগ নিশ্চিত করা প্রয়োজন। এপ্রিল-জুন ২০১৭ সময়কালে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) কর্তৃক শেয়ার লেনদেন সম্পর্কিত নিম্নোক্ত তদন্ত কার্যক্রম পরিচালিত হয়েছে। এছাড়া, উক্ত সময়ে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (ডিএসই) এবং চট্রগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড (সিএসই) শেয়ার লেনদেন সম্পর্কিত নিম্নবর্ণিত অনুসন্ধান প্রতিবেদন কমিশিনের নিকট দাখিল করেছে:

**(ক) তদন্তঃ**

| ক্রমিক নং | তদন্তের ধরণ | তদন্তকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১ | রিজেন্ট টেক্সটাইল মিলস্ লিমিটেড এবং তুং হাই নিটিং এন্ড ডাইং লিমিটেড এর শেয়ারের অস্বাভাবিক মূল্য বৃদ্ধির বিষয়ে তদন্ত প্রসঙ্গে। | বিএসইসি |

**(খ) অনুসন্ধানঃ**

| ক্রমিক নং | অনুসন্ধানের ধরণ | অনুসন্ধানকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১ | তিনটি স্টক ব্রোকারের কতিপয় গ্রাহকের মধ্যে পৌনঃপুনিক সংঘটিত সাযুজ্যপূর্ণ শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ০২ | রতনপুর স্টিল রি-রোলিং মিলস্ লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ০৩ | আর. এন. স্পিনিং মিলস্ লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ০৪ | কোহিনূর কেমিক্যালস্ কোম্পানী (বাংলাদেশ) লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ০৫ | ইফাদ অটোস্ লিমিটেড এর স্পন্সর/ পরিচালক কর্তৃক ঘোষণা ব্যতিত উক্ত কোম্পানীর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ০৬ | প্যারামাউন্ট টেক্সটাইল লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ০৭ | নর্দার্ণ জুট ম্যানুফ্যাকচারিং কোম্পানী লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ০৮ | ডেল্টা লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড এর স্পন্সর/ পরিচালক কর্তৃক ঘোষণা ব্যতিত উক্ত কোম্পানীর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |

এপ্রিল-জুন ২০১৭ সময়কালে "InstantWatch" market surveillance system এ যেসব শর্ট-সেল এলার্ট পরিলক্ষিত হয়েছে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনা মোতাবেক ঐ সকল এলার্ট এর উপর অনুসন্ধানপূর্বক

ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড কমিশনের নিকট প্রতিবেদন দাখিল করেছে। উল্লেখিত সময়কালে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড কর্তৃক দাখিলকৃত অনুসন্ধান প্রতিবেদন পরীক্ষান্তে ১০ (দশ) টি স্টক ব্রোকার/স্টক ডিলার এর বিরুদ্ধে তালিকাভুক্ত বিভিন্ন সিকিউরিটিজ এ শর্ট-সেল এর প্রমান পাওয়ায় তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কমিশনের এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে।

# ১২. নিবন্ধন

**স্টক ডিলার/ব্রোকার এর নিবন্ধন সনদ নবায়ন:**

এপ্রিল-জুন, ২০১৭ সময়কালে কমিশন, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর অধীনে ঢাকা স্টক এক্সচেঞ্জের ট্রেক হোল্ডার কোম্পানির ৩২ (বত্রিশ)টি স্টক ডিলার ও ৩৪ (চৌত্রিশ)টি ব্রোকার এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের ৩১ (একত্রিশ)টি স্টক ডিলার ও ৪৩ (তেতাল্লিশ)টি স্টক ব্রোকারের নিবন্ধন সনদ নবায়ন করেছে।

**অনুমোদিত প্রতিনিধিদের নিবন্ধন সনদ প্রদান ও নবায়ন:**

আলোচ্য সময়কালে, কমিশন, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর অধীনে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর ১২৮ (একশত আটাশ)টি অনুমোদিত প্রতিনিধি নিবন্ধন সনদ ইস্যু করেছে।

